গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র অধিদপ্তর
উপ-পরিচালক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ) এর
দপ্তর
dot.portal.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৫.৯৯.০০০৬.২৬.১৮৮

তারিখঃ ১১ আষাঢ় ১৪৩৩
25-06-2026

বিষয়: ১০০% রপ্তানীমুখী শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর জন্য সুপারিশ প্রেরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদনপত্র নং-৭৬২, তারিখঃ ২৪/০৬/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাওমি গার্মেন্টস লিমিটেড, অফিস: বাড়ী নং-২৬, (ফ্ল্যাট-৮/এ), রোড নং-০৪, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০ ও কারখানাঃ মল্লিকবাড়ী, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী নীট কম্পোজিট উপ-খাতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন নং- বস্ত্র/এমআই/আরএমজি/এফ-০০০১৬৮-২৪, তারিখঃ ০৬/০৬/২০২৪ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহের ইনভয়েস নং- TRFD26JG002, তারিখ: 14/06/2026, বিএল নং- JZHS26001463, তারিখঃ 15/06/2026 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- **203,200** ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ কারখানার অবস্থানঃ মল্লিকবাড়ী, ভালুকা, ময়মনসিংহ-এ স্থাপন করবেন বলে জানিয়েছেন।

এমতাবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

২৫-০৬-২০২৬
মোঃ আব্দুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৫.৯৯.০০০৬.২৬.১৮৮ (৫)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, গাওমি গার্মেন্টস লিমিটেড, অফিস: বাড়ী নং-২৬, (ফ্ল্যাট-৮/এ), রোড নং-০৪, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০ ও কারখানাঃ মল্লিকবাড়ী, ভালুকা, ময়মনসিংহ ।
৪। সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।(ওয়েব সাইডে প্রকাশের জন্য)।
৬। ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

মোঃ আব্দুর রহমান, উপ-
পরিচালক